An Online News Bulletin for Preservation and Promotion of Bengali Language and Culture. An initiative of the Bengal Association, Delhi

PUBLISHED ON:
JULY 2025




# অ্যাসোসিয়েশন সংবাদ-২৮৮

## জুলাই,২০২৫

## ASSOCIATION SAMBAD JULY 2025

Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

## সম্পাদকের কলমে

হয়ে গেল বেঙ্গল অ্যাসোসিয়েশনের ২০২৫-২৮ কার্যকালের জন্য কর্মসমিতির নির্বাচন, গত ২২শে জুন, ২০২৫। প্রায় ১২ বছর পরে নির্বাচন হল, নবীন প্রবীণ সদস্যরা দিল্লি এবং পার্শ্ববর্তী অঞ্চলের বিভিন্ন জায়গা থেকে এসে নিজেদের পছন্দের প্রার্থীকে ভোট দিলেন। সুদূর গ্রেটার নয়ডা থেকে যেমন এসেছেন, তেমনই এসেছেন ওল্ড গুড়গাঁও থেকেও। ফরিদাবাদ থেকে এসেছেন সদস্যরা ভোট দিতে, এসেছেন গাজিয়াবাদ, ইন্দিরাপুরম, বসুন্ধরা, নয়ডা থেকে। আর দিল্লির ভিতরে ময়ূর বিহার, আইপি এক্সটেনশন, দিলশাদ গার্ডেন, চিত্তরঞ্জন পার্ক, কালকাজী, করোলবাগ, দ্বারকা, মহাবীর এনক্লেভ সমেত বহু জায়গা থেকে আজীবন সদস্যরা এসেছিলেন।

নির্বাচনের শেষে ভোট গণনা শুরু হয়, চলে রাত দেড়টা পর্যন্ত। আজীবন সদস্য শ্রেণিতে যে ১৫ জন নির্বাচিত হন তাঁরা হলেন ঃ আরাধনা জানা, অরুণাভ সেনগুপ্ত, ভাস্বতী গোস্বামী, ভীষ্মব্রত ভট্টাচার্য, দেবাশিষ ভৌমিক, দীপক ভৌমিক, জয়ন্ত মিস্ত্রি, মৃণাল কান্তি বিশ্বাস, রাহুল মুখার্জি, ডঃ শমীক ভট্টাচার্য, সরিতা দাস, সৌরাংশু সিংহ, ডঃ সুমন্ত ভৌমিক, সুমন সেন ও তপন মুখার্জি।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের কর্ম সমিতিতে সদস্য ক্লাব এবং অ্যাসোসিয়েশন থেকে নির্বাচিত হলেন ঃ ডঃ শাশ্বতী গাঙ্গুলি, শান্তনু চক্রবর্তী, সুখেন্দু ঘোষ, উজ্জ্বল কুমার দত্ত, অভিজিৎ বোস, ভক্তি দাস, দেবযানী সামন্ত, প্রসূন রায় বর্মণ, বিশাখা বসু ও সুশোভন ব্যানার্জি।

এছাড়াও বেঙ্গল অ্যাসোসিয়েশনের অ্যাসোসিয়েট সদস্যদের থেকে কর্মসমিতিতে মনোনীত হন উৎপল ঘোষ, জয় ব্যানার্জি, শঙ্কর সেনগুপ্ত ও চন্দ্রিমা বর্মণ রায়।

২৪শে জুন, ২০২৫এ ২০২৫-২৮ কার্যকালের কর্মসমিতির প্রথম সভায় সদস্যরা শ্রী সজল মিত্রকে সভাপতি নির্বাচিত করেন এবং একই সঙ্গে গৌর সরকার, কাজল সরকার ও মিঠু চ্যাটার্জিকে কর্মসমিতির সদস্য হিসাবে মনোনীত করেন।

কর্মসমিতির বাকি সদস্যরা হলেন বিমল শেঠ, দেবাশিস ভট্টাচার্য, গোপা বসু, মান্না দেব এবং মনোজ দেব।

# কর্ম সমিতি ২০২৫-২০২৮



**শ্রী সজল মিত্র**
সভাপতি



**শ্রী মৃণালকান্তি বিশ্বাস**
সহ সভাপতি



**ডঃ তপন মুখার্জি**
সহ সভাপতি



**শ্রী দেবাশিস ভৌমিক**
সহ সভাপতি



**শ্রী সৌরাংশু সিংহ**
সাধারণ সম্পাদক



**শ্রী রাহুল মুখার্জি**
অতিরিক্ত সাধারণ সম্পাদক



**শ্রী গৌরপদ সরকার**
কোষাধ্যক্ষ

# কর্ম সমিতি ২০২৫-২০২৮

## যুগ্ম সম্পাদক



**শ্রী ভক্তি দাস**
শিক্ষা ও বিদ্যালয়



**শ্রী জয়ন্ত মিস্ত্রি**
অঙ্কুর ও সামাজিক কার্য



**ডঃ সুমন্ত কুমার ভৌমিক**
দিগঙ্গন ও যোগাযোগ



**শ্রীমতী সরিতা দাস**
সাংস্কৃতিক কার্য



**ডঃ শাশ্বতী গাঙ্গুলি**
সাহিত্য

## বিভাগীয় সমন্বয়ক



**শ্রী উজ্জ্বল কুমার দত্ত**
প্রশাসন ও সংগঠন



**ডঃ শমীক ভট্টাচার্য**
স্বাস্থ্য



**শ্রী অরুণাভ সেনগুপ্ত**
নাটক



শ্রীমতী আরাধনা জানা- উৎসব



শ্রী ভীষ্মব্রত ভট্টাচার্য- রবীন্দ্র জয়ন্তী



শ্রী মনোজ দেব- প্রচার



শ্রী সুমন সেন-সদস্যতা ও পরিকাঠামো



শ্রীমতী পৃথা দাস- দিগঙ্গন প্রধান সম্পাদিকা



শ্রীমতী ভাস্বতী গোস্বামী- অ্যাসোসিয়েশন সংবাদ



শ্রী প্রসূন রায় বর্মণ- যুব বিকাশ

কর্ম সমিতি ২০২৫-২০২৮

## কর্মসমিতি সদস্যবৃন্দ


অভিজিৎ বোস


শান্তনু চক্রবর্তী


বিশাখা বসু


দেবযানী সামন্ত


দীপক ভৌমিক


শঙ্কর সেনগুপ্ত



উৎপল ঘোষ


জয় ব্যানার্জি


সুশোভন ব্যানার্জি


সুখেন্দু ঘোষ


কাজল সরকার


মিঠু চ্যাটার্জি


বিমল শেঠ


গোপা বসু


মান্না দেব


দেবাশিস ভট্টাচার্য


চন্দ্রিমা বর্মণ রায়

নবনির্বাচিত কর্মসমিতি এবারের নির্বাচনের সময় বিভিন্ন জায়গার বহু ভোটারদের সঙ্গে আলোচনাক্রমে যে সমস্ত আশু কর্মসূচি বেছে নিয়েছেন সেগুলি হল ঃ

- শারদোৎসবের সময় সরকারি অনুমতিতে সহায়তা।
- দিল্লির বাংলা স্কুলগুলির সবকটিতে বাংলা ভাষা ফিরিয়ে আনার জন্য সরকারি স্তরে আলোচনা ।
- লক্ষ্মীনগরের বাঙালিদের প্রাথমিক বিদ্যালয় নবারুণ বিদ্যালয়ে বাংলা ভাষা ফিরিয়ে আনা।
- প্রান্তিক বাঙালিদের জন্য, স্বাস্থ্য বীমা, সহজ ঋণ ও দক্ষতা বৃদ্ধির জন্য সরকারি বিভিন্ন যোজনায় সাহায্য করা।
- অনলাইন বাংলা শেখার সার্টিফিকেট স্কুল শুরু।
- বয়স্কদের জন্য হেল্পলাইন গঠন।
- বিভিন্ন স্কুল ও কলেজে সংস্কৃতি ও নাট্য চর্চার কর্মশালার আয়োজন।
- এবং, সুবর্ণ জয়ন্তীর পর 'দিগঙ্গন' সাহিত্য পত্রিকাকে স্বাধীনভাবে পাঠকদের কাছে নিয়ে যাওয়া, প্রভৃতি।

এছাড়াও, উদ্দেশ্য রয়েছে সার্বিকভাবে দিল্লি ও পার্শ্ববর্তী অঞ্চলের বাঙালিদের মধ্যে সংযোগ স্থাপনের মাধ্যমে সার্বিক উন্নয়ন, সদস্যদের সঙ্গে নিয়মিত যোগাযোগ স্থাপন। বিশেষতঃ ২০২২-এ গঠিত গুড়গাঁও চ্যাপ্টারকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বাস্তবান্বিত করা অত্যন্ত জরুরি।

গত দু-এক বছর ধরে সাংস্কৃতিক ক্ষেত্রে বেঙ্গল অ্যাসোসিয়েশন ভাষার গণ্ডি পেরিয়ে আদানপ্রদানের মাধ্যমে বাংলা সংস্কৃতি ও শিল্পের উন্নয়নের যে সমস্ত প্রকল্প গ্রহণ করেছে, অর্থাৎ দিল্লি বইমেলায় আরও বেশি করে যুব সম্প্রদায় ও পরবর্তী প্রজন্মকে যুক্ত করা, ভারত লোকোৎসবের মাধ্যমে সাংস্কৃতিক আদানপ্রদানের দ্বারা বঙ্গ সংস্কৃতিকে অন্যান্য ভাষাভাষীর কাছে প্রচার করা, ওয়ার্ল্ড মিউজিক কনসার্টের মাধ্যমে বিশ্বের লোকসংস্কৃতি ও সঙ্গীতের সঙ্গে বঙ্গ লোকসঙ্গীতকে একই মঞ্চে নিয়ে আসা এবং বিয়ন্ডবাউন্ডস স্বল্প দৈর্ঘ্যের ছায়াছবি এবং তথ্যচিত্রের উৎসবের দ্বারা পরবর্তী প্রজন্মের কাছে সিরিয়াস বিষয়কে উন্মুক্ত করা।

গত চল্লিশ বছর ধরে চলে আসা রবীন্দ্রজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ প্রভাতী অনুষ্ঠানের আয়োজনের মধ্য দিয়ে ঐতিহ্যকে বজায় রাখাও নতুন বেঙ্গল অ্যাসোসিয়েশনের একটি বিশেষ অঙ্গীকার।

১৯৫৭য় ডঃ বিধানচন্দ্র রায়ের হাতে যখন বেঙ্গল অ্যাসোসিয়েশন গঠিত হয়েছিল তারপর থেকে অনেকটা সময় পেরিয়ে এসেছি আমরা। দিল্লিও বিস্তৃত হয়েছে আজ। এখন শুধুমাত্র তিমারপুর, করোলবাগ বা চিত্তরঞ্জন পার্কই নয়। বাঙালি এনসিআরের প্রতিটি কোণে ছড়িয়ে পড়েছে। যোগাযোগ ব্যবস্থার উন্নতি, ইন্টারনেটের কারণে কেউই আর দূরে নয়। নতুন বেঙ্গল অ্যাসোসিয়েশন আগামীতে সকল বাঙালির জন্য দিল্লির ছাদ এবং দিল্লি ও পার্শ্ববর্তী অঞ্চলের সামগ্রিক মঞ্চ হিসাবে পরিচিত হতে বদ্ধপরিকর। এই যাত্রায় আপনাদের সকলকেই সঙ্গে চাই। আগামী বিকশিত হোক, বাংলা, বাঙালি ও বাঙালিয়ানার জন্য।

## অ্যাসোসিয়েশন সংবাদ

বেঙ্গল অ্যাসোসিয়েশনের ট্যাগলাইনের জন্য শুধুমাত্র সদস্যদের জন্য আগামী ১০ই জুলাই, ২০২৫ পর্যন্ত একটি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।



## নিয়মাবলী

১। বেঙ্গল অ্যাসোসিয়েশন "..............................................."

বাংলায় অনধিক দশ শব্দে লিখে ফেলুন যুতসই একটি ট্যাগলাইন।

২। মেল করবেন bengalassociation1819@gmail.comএ বিষয়ে লিখুন 'বেঙ্গল অ্যাসোসিয়েশন ট্যাগলাইন প্রতিযোগিতা'। অংশ নেবার শেষ দিন ১০ই জুলাই, ২০২৫

৩। সর্বাধিক দুটি ট্যাগলাইন পাঠাতে পারেন।

৪। ট্যাগলাইনের সঙ্গে নিজের নাম ঠিকানা, ফোন নম্বর এবং আজীবন সদস্যতা সংখ্যা লিখে পাঠাবেন।

৫। ট্যাগলাইন প্রতিযোগিতার ফলাফলের ক্ষেত্রে বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত এবং এই বিষয়ে কোনও অভিযোগ বা দ্বিমত ধরা হবে না।

৬। পুরস্কার বিজয়ী এবং পুরস্কার সামনের কোনও একটি অনুষ্ঠানে প্রদান করা হবে

বিস্তারিত বিবরণের জন্য অ্যাসোসিয়েশন সংবাদের বিজ্ঞাপনের পাতা এবং বেঙ্গল অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট www.bengalassociation.com দেখে নিন।

**বেঙ্গল অ্যাসোসিয়েশনের বিশেষ সাধারণ সভার আয়োজন করা হবে আগামী ২৭শে জুলাই, ২০২৫।** সময় এবং এজেন্ডা সদস্যদের যথা সময়ে জানিয়ে দেওয়া হবে।

## সহ-সংগঠনের খবর

১১ই জুন, ২০২৫ দক্ষিণ দিল্লি কালীবাড়িতে বিশেষ পূজা ও ভোগ বিতরণের মাধ্যমে মন্দির প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে অংশগ্রহণ করেন শ্রী প্রবাল ও শ্রীমতী শ্রাবণী গোস্বামী।

দক্ষিণ দিল্লির কালীবাড়ির পর, ১৩ই জুন, ২০২৫ থেকে ১৫ই জুন, ২০২৫ চিত্তরঞ্জন পার্ক কালীমন্দির সোসাইটির চিলড্রেনস পার্কে আম উৎসব আয়োজিত হয়। পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলা থেকে প্রাকৃতিকভাবে পাকানো বিভিন্ন প্রজাতির আমের বিপুল সম্ভার ছিল। বাংলার জনপ্রিয় হিমসাগর, ল্যাংড়া, আম্রপালি, লক্ষ্মণভোগের পাশে বিশেষ আকর্ষণ ছিল আলফানসো আম।

১৫ই জুন, ২০২৫ চিত্তরঞ্জন পার্ক বঙ্গীয় সমাজে ২০২৫-২০২৮ কার্যকালের জন্য কর্মসমিতির নির্বাচন হয়ে গেল। নির্বাচনে সাধারণ সম্পাদক হিসাবে নির্বাচিত হলেন শ্রী প্রেমাংশু সান্যাল। তাঁর নেতৃত্বে নবনির্মিত কর্মসমিতি কার্যভার গ্রহণ করেছেন। তাঁদের শুভেচ্ছা জানাই।

১৯শে জুন, ২০২৫ উত্তরপাড়া প্রেরণা ও দক্ষিণ দিল্লি কালীবাড়ির যৌথ উদ্যোগে দরিদ্র, সুবিধাবঞ্চিত ১০০ ছাত্র-ছাত্রীর মধ্যে স্কুলের ব্যাগ ও অন্যান্য শিক্ষাসামগ্রী বিতরণ করা হয়। এই উপলক্ষ্যে মন্দির প্রাঙ্গনে মনোজ্ঞ নৃত্যানুষ্ঠানের আয়োজন করা হয়। শ্রীমতী স্মিতা চক্রবর্তীর পরিচালনায় নৃত্য উপস্থাপনা করে শিঞ্জন ডান্স অ্যাকাডেমি।

২৪শে জুন, ২০২৫ থেকে ৮ই জুলাই, ২০২৫ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের অফিস অফ রেসিডেন্ট কমিশনারের উদ্যোগে, জনপথের 'হ্যাণ্ডলুম হাটে' হয়ে গেল 'আম ও হস্ত-বস্ত্র শিল্প মেলা'। মেলায়, পশ্চিমবঙ্গের মালদা, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর চব্বিশ পরগণা, হুগলি এবং বাঁকুড়া জেলা থেকে জনপ্রিয় প্রজাতির বিপুল সম্ভার আম এসেছিল। সঙ্গে ছিল মিয়াজাকি, ব্ল্যাকস্টোন, কোহিতুর ইত্যাদি বিরল প্রজাতির আম। মেলা প্রাঙ্গণে পরিবেশিত হয়েছে পশ্চিমবঙ্গ থেকে আগত শিল্পীদের নাটুয়া নৃত্য এবং পরিচিত সঙ্গীত দল দোহারের গান। পাশাপাশি স্থানীয় শিল্পীদের গোষ্ঠী ল্য রিদম, ল্য রিদম আন্তরিক এবং ইচ্ছে বিতান, নবীন শিল্পীদের নিয়ে নান্দনিক অনুষ্ঠান পরিবেশিত করেছিল।

২৯শে জুন, ২০২৫ মাতৃমন্দির লাইব্রেরি ঘরে বসেছিল 'বঙ্গ সংস্কৃতির আসর'।


PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव
"Dedicated to serving the society
through collaborative efforts
with artists and groups to preserve, strengthen
and promote the rich diversity
of our cultural heritage"
PEACEFUL | SUCCESSFUL | EVENTFUL
PeSuEv
पेसुएव

## সংস্কৃতির কড়চা

প্রবাসে দীর্ঘ গরমের ছুটিতে কচি-কাঁচাদের মূলত আনন্দদানের জন্য ইচ্ছে বিতান, দেশবন্ধু চিত্তরঞ্জন মেমোরিয়াল সোসাইটির সহায়তায় ‘আমাদের ছুটি ছুটি’ সামার ক্যাম্পের আয়োজন করেছিল। ৫ই জুলাই চিত্তরঞ্জন ভবনে এইসব নবীন কুশীলবদের উপস্থাপনা পরিবেশিত হল।

আগামী ১২ই জুলাই, ২০২৫ দিল্লির মুক্তধারা প্রেক্ষাগৃহে যাপনচিত্রের ‘পাপ’ নাটকটি মঞ্চায়ন হবে। এটি তাদের সপ্তম উপস্থাপনা। সমরেশ বসুর কাহিনী অবলম্বনে ‘পাপ’ নাটকটির নির্দেশনা শ্রী সুহান বসুর।

আগামী ১৯শে জুলাই, ২০২৫ সন্ধ্যায় PeSuEv (পেসুএভ)-এর সহায়তায় প্রারম্ভ নাট্যগোষ্ঠী, বি সি পাল অডিটোরিয়ামে পূর্ণ দৈর্ঘ্যের নাটক ‘দাগ’ মঞ্চস্থ করবে। নাটকটির নির্দেশনা করেছেন শ্রী রবিশংকর কর।

২৬শে এবং ২৭শে জুলাই, ২০২৫ ‘হাসির নাটক উৎসব’ অনুষ্ঠিত হতে চলেছে সৃজনী সোশিও কালচারাল অ্যাসোসিয়েশন এবং PeSuEv-এর যৌথ উদ্যোগে, বি সি পাল অডিটোরিয়ামে। এই উৎসবে দুদিনে, ছ’টি হাসির নাটকের মঞ্চায়ন হতে চলেছে। নাটকগুলি হলো ‘ঘটোৎকচের বিচার’, ‘সাক্ষাৎকার’, ‘অথ ভূত বিবাহকথা’, ‘সীতানাথপুর’, ‘বাঘ’ এবং ‘অতি দর্পে’।

২৬শে জুলাই, ২০২৫ প্রভাস কল্যাণী প্রীতি ট্রাস্ট হাজারিবাগ এবং PeSuEv-র সহায়তায় ঝর্ণাধারা সঙ্গীত গোষ্ঠী, তাদের ৫৬তম বার্ষিক অনুষ্ঠানের আয়োজন করেছে। ইণ্ডিয়া ইন্টারন্যাশনাল সেন্টারের প্রেক্ষাগৃহে অনুষ্ঠানটি উপস্থাপিত হবে।

## খোলা জানলা

কর্মই মানবসভ্যতার প্রবাহ। মানুষ ‘কর্মং কুরু’তে বাঁধা। মদনপুর খাদারের ছোট্ট ‘অঙ্কুর’ থেকে মহাশূন্যের গবেষণাগারের মহাকাশচারী, সবাই যেন এক বিশ্বজোড়া দিগন্তের অণু-পরমাণু। মাধ্যাকর্ষণের খাঁচা ছেড়ে উড়ে যাওয়া শুভাংশু শুক্লার সঙ্গে মাটির কাছে রয়ে যাওয়া অনামা মুখগুলোর ঘাম-রক্ত একইভাবে মিশে যায় কর্মযোগে, কর্মযজ্ঞে। আমরা কেউ হাসিমুখে হাত নাড়ি, কেউ অশ্রু গোপন করি, কেউ গেয়ে উঠি ‘মোদের যেমন খেলা তেমনি যে কাজ জানিস নে কি ভাই...’

কাজ চলুক। শুভ হোক আমাদের সার্বিক যাপন।

*অ্যাসোসিয়েশন সংবাদে আপনার সংস্থার খবর প্রকাশ করতে চান? বেঙ্গল অ্যাসোসিয়েশনের ইমেলে পাঠিয়ে দিন তিন-চার বাক্য লিখে bengal association1819@gmail.com-এ প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে।*




প্রতি মাসের অ্যাসোসিয়েশন  সংবাদের সঙ্গে থাকছে ছোটদের পাতা
অংশ নেবে স্কুলের বাচ্চারা

১) যে কোনো বিষয়ের উপর ছবি আঁকো আর ছবি তুলে পাঠিয়ে দাও।

.২) যে কোনও বিষয়ে বাংলা বা ইংরাজিতে ৩০০ শব্দের মধ্যে গল্প লেখো আর পাঠিয়ে দাও।

ইমেলে পাঠাওঃ **bengalassociation1819@gmail.com**এ

সাবজেক্টে লেখোঃ  ছোটদের পাতা- (মাসের নাম) [যে মাসে পাঠাবে তার পরের মাসের নাম লিখবে]

**লেখা বা আঁকা পাঠাবে মাসের ২৫ তারিখের মধ্যে। সঙ্গে লেখো নিজের নাম, ক্লাস এবং স্কুলের নাম**

**নির্বাচিত সর্বাধিক দুটি লেখা এবং চারটি ছবি প্রকাশিত হবে পরের মাসের অ্যাসোসিয়েশন সংবাদে**

বেঙ্গল অ্যাসোসিয়েশনের

সদস্যতা নেবার পর  আপনার

ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হয়েছে?

যোগাযোগ করুন
বেঙ্গল অ্যাসোসিয়েশনের অফিসে

ফোন নংঃ
+91 7303400554
ইমেলঃ
bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

Editor and  Publisher Shri Sauranshu Sinha
Published on behalf of Bengal Association, New Delhi.
Designed & Composed by Roma Chakraborty, C.R. Park,  9213134487